'Ebong Mahua'--UGC - CARE List Approved Journal,
Indian Language Journal Serial No.--96, 2019.

# EBONG MAHUA

**Bengali Language, Literature, Research and Referred with Peer-Review Journal**

**21th Year, 115 Volume**
**December, 2019**

**Edited, Printed and Published by**
**Dr. Madanmohan Bera, Editor.**
**Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.**
**.Mob.-9153177653**
**madanmohanbera51@gmail.com**
**kohinoor.bera @ gmail.com**

**Rs. 500**

'এবং মহুয়া' -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত। ভারতীয় ভাষায় পত্রিকা ক্রমিক নং-৯৬, ২০১৯।

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২১ তম বর্ষ, ১১৫ সংখ্যা, ডিসেম্বর, ২০১৯

সম্পাদক
ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন
গোলকুয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

১৭.ইতিহাসে সাহিত্যের স্থান প্রসঙ্গে
::বিশ্বজিৎ কয়োড়ী..........................................১৩৪
১৮.ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে বাংলায় বিপ্লবী আন্দোলন
::শক্তিপদ শীট..............................................১৩৯
১৯.উত্তরবঙ্গের রাজবংশী সমাজের লৌকিক ক্রীড়া
::নিত্যানন্দ রায়..............................................১৪৭
২০.পঞ্চাশের মন্বন্তর ও সলিল চৌধুরীর গণসঙ্গীত
::বিজয় মণ্ডল...............................................১৫৩
২১.আধুনিকতার আলোকে মহাভারত পাঠ :'কালসন্ধ্যা'ও'প্রথম পার্থ'
::রচনা রায়...................................................১৬১
২২.প্রজন্মগত সেতুবন্ধন : প্রখ্যাত ব্যক্তিত্বের সম্পর্ক ও প্রভাবের পথে উত্তর পুরুষের আত্মনির্মাণ
::নির্মাল্য মণ্ডল..............................................১৭০
২৩.ঔপনিবেশিক ভারতে বাঙালীর আর্থিক অনগ্রসরতার কারণ
::দীপঙ্কর বিশ্বাস.............................................১৭৭
২৪.ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ' : দুই নারী
::অরূপ শীট.................................................১৮৫
২৫.তুলসী লাহিড়ীর 'ছেঁড়া তার' নাটকে অপ্রধান চরিত্র
::অচিন্ত কুমার ব্যানার্জী.....................................১৯৪
২৬.পশ্চিমবঙ্গে মতুয়া রাজনীতি
::অশোক কুমার গিরি.......................................১৯৯
২৭.বাংলায় রেশম শিল্পের ইতিকথা
::শান্তনু কুমার রায়..........................................২০৬
২৮.বাংলার কিছু নির্বাচিত অঞ্চলের রাজানুকূল্যে সঙ্গীত পৃষ্ঠপোষকতার ইতিহাস
::সমর্পিতা চ্যাটার্জী (মুখার্জী)..................................২১২
২৯.পদার্থবিদ্যাচর্চায় নারী:পশ্চিমবঙ্গের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের নিরিখে
::মৌমিতা পাত্র...............................................২১৮
৩০.নিতাই কবিয়াল : তারাশঙ্করের এক অনন্য সৃষ্টি
::ড.সুবীর ঘোষ.............................................২২২
৩১.লোকনাট্য সম্পর্কে কিছু কথা
::ড. টুনুরানী বেরা..........................................২৩০
৩২.বাংলা সাহিত্য : শ্রমজীবি-অনুশ্রমজীবি মানুষের কথায়
::ড.মৃণালচন্দ্র হালদার.......................................২৩৭
৩৩.দিব্যেন্দু পালিতের গল্প : নাগরিক মধ্যবর্গীয় কথকতা
::ড.নবনীতা বসু...........................................২৪০
৩৪.প্লাস্টিক দূষণ এবং পরিবেশের উপর তার প্রভাব
::ড. অভিনন্দন রাণা.......................................২৫৪
৩৫.একুশ শতকের প্রেক্ষিতে রবীন্দ্র উপন্যাসে নারী
::ড.দীপক সোম...........................................২৬০
৩৬.রবীন্দ্র ছোটগল্পে 'নারী ভাষা'র অনুসন্ধান (গল্পগুচ্ছ অবলম্বনে)
::ড. অন্তরা চৌধুরী.......................................২৬৭
৩৭.মনুস্মৃতিতে উপলব্ধ ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্তবিধি : একটি আলোচনা
::ড.তারক জানা...........................................২৭৭
৩৮.মতি নন্দীর 'স্টপার' : বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ ফুটবলার চরিত্র
::ড.উদয় রতন মুখার্জী.....................................২৮৩
৩৯.বাঁকুড়া জেলার লৌকিক দেবী
::ড.সুমন্ত মণ্ডল............................................২৯৩
৪০.চেনা রবীন্দ্রসংগীতের অচেনা কথা
:: ড.পাপড়ি চক্রবর্তী.......................................৩০৫
৪১.সমাজ সংস্কারের মূর্ত বিগ্রহ বিদ্যাসাগর
::ড.ভুটান চন্দ্র ঘোষ.......................................৩১৩
৪২.মধুসূদনের বীরাঙ্গনা কাব্য : সমকালীন সমাজ-বাস্তবতার আলোকে
::ড.নাজিমুল হক..........................................৩১৬
৪৩.বিধবা বিবাহ ও বিড়ম্বিত বিদ্যাসাগর
::ড. সঞ্জীব নাথ............................................৩২৩
৪৪.মার্ক্সবাদে লোকসংস্কৃতির প্রভাব
:: ড. জিতেশ চন্দ্র রায়....................................৩২৮
৪৫.অধিকার-অরণ্য ও মহাশ্বেতা
:: ড.শতরূপা সরকার.....................................৩৩৪
৪৬.জগন্নাথ দাসের ভাগবত : পূর্বাঞ্চলীয় সাহিত্যে
:: ড.নির্মল বেরা...........................................৩৪১
৪৭.মহাভারতে বাস্তুশিল্প : এক উল্লেখযোগ্য বিষয়
::ড.চন্দন মন্ডল............................................৩৪৯
৪৮.স্বামী বিবেকানন্দের শিক্ষা ভাবনা - বর্তমান প্রেক্ষিত
::ড. নিতাই চন্দ্র দাস......................................৩৫৭
৪৯.শাস্ত্রানুমোদিত রাজধর্ম
::ড.জগমোহন আচার্য.....................................৩৬৬

# পশ্চিমবঙ্গে মতুয়া রাজনীতি

অশোক কুমার গিরি

দেশের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে ভোট ব্যাঙ্কের রাজনীতির স্বাতন্ত্রতা লক্ষ করা গিয়েছিল জাত পাতের প্রশ্নে, বর্ণের প্রশ্নে। জাতপাত বা বর্ণ নয়, শ্রেণির ভিত্তিতে পশ্চিমবঙ্গে ভোটব্যাঙ্ক গড়তে সক্ষম হয়েছিল বামপন্থীরা। কংগ্রেস ও বামপন্থীদের দীর্ঘকালিন শাসনকালে এক ধর্মনিরপেক্ষ ভাবমূর্তি জনসাধারণের কাছে স্পষ্ট হয়েছিল। দীর্ঘকালিন বাম শাসনে বাংলার রাজনৈতিক সংস্কৃতিতে শ্রেণি রাজনীতি গুরুত্ব পেয়েছিল, তাই 'বর্ণ' রাজনীতির কোন প্রভাব ছিল না। কিন্তু পরবর্তী সময়ে রাজনীতির এই স্বাতন্ত্রতা ক্রমশ হারিয়ে যেতে থাকে বামেদের শক্তি হ্রাসের সঙ্গে সঙ্গে। ২০১১ সালের বিধান সভা নির্বাচনে রাজনৈতিক ক্ষেত্রে মতুয়া সম্প্রদায়ের স্বতন্ত্র উপস্থিতি লক্ষ করা যায়। বাংলার রাজনীতিতে 'বর্ণের' এই উপস্থিতি আলোচনা ও বিতর্কের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়। বিরাট অঙ্কের ভোটব্যাঙ্ক নিম্নবর্ণের মতুয়াদের বাংলার রাজনীতিতে নাটকীয়ভাবে উত্থান পশ্চিমবঙ্গে 'বর্ণ' রাজনীতির নতুন অধ্যায় শুরু করে।

পশ্চিমবঙ্গে বর্ণ রাজনীতির ইতিহাসে গুরুত্বপূর্ণ হয়ে উঠে মতুয়া সম্প্রদায় এবং মতুয়াদের প্রতিষ্ঠান মতুয়া মহাসংঘ। এক কথায় বলা যায় মতুয়া মহাসংঘের দ্রুত রাজনৈতিক উত্থান লক্ষ করা গিয়েছিল। মতুয়া মহাসংঘ মতুয়াদের একটি ধর্মীয় সংগঠনের পাশাপাশি তাদের একটি রাজনৈতিক মুখপাত্র হিসাবে কাজ করে। মতুয়া মহাসংঘ একটি ধর্মীয় সংস্কার আন্দোলন শুরু করেছিল। অধুনা বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের সীমান্ত এলাকায় এই সংস্কার আন্দোলন ছড়িয়ে পড়েছিল। এই আন্দোলন শুরু করেছিলেন হরিচাঁদ ঠাকুর। হরিচাঁদ ঠাকুরের জন্ম হয় এক নমঃশূদ্র কৃষক পরিবারে, তিনি অল্প বয়সে সিদ্ধিলাভ করেছিলেন। তিনি পরবর্তীকালে তাঁর বারো নির্দেশাবলীতে (টুয়েলভ্ ডাইরেক্টিভস্) তাঁর দার্শনিক ধারণা প্রচার করেন। মতুয়া মহাসংঘ স্বয়ং দীক্ষা বা স্ব-উপলব্ধিতে বিশ্বাস করে। ঐতিহাসিক শেখর বন্দ্যোপাধ্যায়ের মতে, ঠাকুর ''আত্মদর্শন বা আত্মপ্রকাশের অভিজ্ঞতা লাভ করেছিলেন, যার মাধ্যমে তিনি বুঝতে পেরেছিলেন যে, তিনিই ঈশ্বরের অবতার ছিলেন, তিনি এই পৃথিবীতে জন্ম গ্রহণ করেছিলেন নিপীড়িত সম্প্রদায়ের মানুষদের উদ্ধার করার জন্য।''

মতুয়ারা মূলত বাংলাদেশে ফরিদপুর জেলার ওরা কান্দিতে অবস্থিত একটি নিম্নবর্ণের হিন্দু ধর্ম সম্প্রদায়। ওরা নমঃশূদ্র নামের নিম্নবর্ণের মানুষ, মূলতঃ বৈষ্ণব সম্প্রদায়ের। ১৯৪৭ সালে দেশ বিভাজনের পর মতুয়া সম্প্রদায়ের একটা বড় অংশ পশ্চিমবঙ্গের সীমান্তবর্তী এলাকায় চলে আসে। মতুয়ারা মূলত দেশভাগের পর শরণার্থী